



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫৩.২০১৬. ২৬৫

তারিখ : ১১/০৪/২০২৩ খ্রি.

অফিস আদেশ

শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, শ্যামপুর, কদমতলী, ঢাকা-এর অধ্যক্ষ জনাব মোঃ শাহেদ আলী (৩১৬৭), সহযোগী অধ্যাপক (অর্থনীতি)-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২০/০৩/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০৬.০০১.২০২২-১১৪ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক অধ্যাপক (অর্থনীতি) পদে পদোন্নতি প্রদান করা হয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইনসিটু: অধ্যক্ষ, শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, শ্যামপুর, কদমতলী, ঢাকা) পদে পদায়ন করা হয়। সে নির্দেশনার প্রেক্ষিতে উক্ত কর্মকর্তা পদোন্নতিপ্রাপ্ত পদে (অধ্যাপক, দর্শন) যোগদান করেন এবং পদায়নকৃত পদের (ইনসিটু: অধ্যক্ষ, শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, শ্যামপুর, কদমতলী, ঢাকা) দায়িত্ব পালনের লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে প্রফেসর মোঃ শাহেদ আলী (৩১৬৭)-কে নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক দায়িত্বভার গ্রহণের তারিখ হতে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

- ১। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
 - ২। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


11.04.2023

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন নং- ৪১০৫০৬২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) প্রফেসর মোঃ শাহেদ আলী (৩১৬৭), শ্যামপুর সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, শ্যামপুর, কদমতলী, ঢাকা;
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৬) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৭) সংরক্ষণ নথি।